# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 30 May, 2025

চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি গিয়াস উদ্দিনকে জিজ্ঞাসাবাদের জন্য তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। বিএনপি নেতা ইশরাক হোসেনের গাড়িবহরে হামলার অভিযোগে করা মামলায় এ রিমান্ড মঞ্জুর করা হয়।

বৃহস্পতিবার (২৯ মে) চট্টগ্রাম জেলা আদালতের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ফারজানা ইয়াছমিন এ আদেশ দেন।

গিয়াস উদ্দিন মিরসরাই উপজেলা চেয়ারম্যান ছিলেন।২০২৪ সালের ৭ জানুয়ারির সংসদ নির্বাচনে তিনি মিরসরাই আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে অংশ নিয়েছিলেন।

আদালত সূত্রে জানিয়েছে, সাবেক মেয়র সাদেক হোসেন খোকার পুত্র বিএনপি নেতা ইশরাক হোসেনের গাড়িবহরে হামলার ঘটনায় মিরসরাই থানায় দায়ের হওয়া মামলায় গিয়াস উদ্দিনকে ৭ দিনের রিমান্ডে নেওয়ার আবেদন করেছিলেন তদন্তকারী কর্মকর্তা।শুনানি শেষে আদালত তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন।

এর আগে, গত ২৩ মে যুক্তরাষ্ট্র থেকে দেশে ফেরার পর ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গিয়াস উদ্দিনকে গ্রেপ্তার করে পুলিশ।

চট্টগ্রাম জেলা আওয়ামী লীগ বিএনপি নেতা. ইশরাক হোসেন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:59

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/8359263149